প্রথম আলো

তারিখ ... OCT. 31 2006 ..
পৃষ্ঠা ... কলাম ...

4

### পরীক্ষার তারিখ পরিবর্তন

# রাজনৈতিক সংকটে কয়েকটি বিশ্ববিদ্যালয়ের ছুটি বেড়েছে

**নিজস্ব প্রতিবেদক**

দেশের স্বায়ত্তশাসিত, সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়সহ কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠান ক্লাস শুরু অথবা পরীক্ষার তারিখ পরিবর্তন করেছে। রাজনৈতিক সংকটের কারণে এসব পরিবর্তন আনা হয়েছে বলে জানা যায়। তবে গতকাল সোমবার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান অনিবার্য কারণে পরীক্ষা ও ক্লাস শুরুর তারিখ পুনর্নির্ধারণের কথা জানিয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় আগামী, ৯ নভেম্বর পর্যন্ত ছুটি ঘোষণা করায় পরীক্ষার্থীদের প্রস্তুতির কথা বিবেচনা করে ২৯ অক্টোবর থেকে ১১ নভেম্বর পর্যন্ত অনুষ্ঠিতব্য কোর্স পদ্ধতির সব পরীক্ষা স্থগিত করেছে। স্থগিত পরীক্ষাসমূহের পরিবর্তিত তারিখ শিগগিরই ঘোষণা করা হবে।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) আন্ডারগ্রাজুয়েট শ্রেণীর সব লেভেল/টার্মের ক্লাস আগামী ১১ নভেম্বরের পরিবর্তে ১৮ নভেম্বর শুরু হবে। এসব কোর্সের রেজিস্ট্রেশন ১৪ ও ১৫ নভেম্বর অনুষ্ঠিত হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ঈদের ছুটি অনিবার্য কারণে তিন দিন বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। এর ফলে বিশ্ববিদ্যালয় ৩১ অক্টোবরের পরিবর্তে আগামী ৫ নভেম্বর রোববার খুলবে। তবে বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলো এ সিদ্ধান্তের আওতাভুক্ত নয় বলে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগ জানিয়েছে।

গাজীপুরের ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০০৫-০৬ শিক্ষাবর্ষের বিএসসি ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের সিভিল, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল এবং কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং বিভাগের দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ষের প্রথম সেমিস্টার এবং টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রথম বর্ষ দ্বিতীয় সেমিস্টারের তারিখ পরিবর্তিত হয়েছে। এসব পরীক্ষা ৮ নভেম্বরের পরিবর্তে ১৫ নভেম্বর থেকে শুরু হবে।

বেসরকারি বিশ্ববিদ্যালয় নর্থ সাউথ ইউনিভার্সিটির সব আন্ডারগ্রাজুয়েট ও গ্রাজুয়েট ক্লাসের পরীক্ষা ৩ নভেম্বর শুক্রবার পর্যন্ত স্থগিত করা হয়েছে। ১ নভেম্বর থেকে নিয়মিত ক্লাসগুলো অনুষ্ঠিত হবে। শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট দেখার পরামর্শ দেওয়া হয়েছে। ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশের ঈদের ছুটি ৩১ অক্টোবর পর্যন্ত বাড়ানো হয়েছে। ১ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু হবে। ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ঈদুল ফিতরের ছুটি আজ ৩১ অক্টোবর পর্যন্ত বাড়ানো হয়েছে। ইবাইস ইউনিভার্সিটির সব ক্লাস ও পরীক্ষা আগামী ৩ নভেম্বর পর্যন্ত স্থগিত করা হয়েছে। ৪ নভেম্বর থেকে যথারীতি সব কার্যক্রম শুরু হবে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ঈদের ছুটি ৪ নভেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে। ৫ নভেম্বর বিশ্ববিদ্যালয় খুলবে। উত্তরার ঢাকা উইমেন কলেজের সব পরীক্ষা ৩ নভেম্বর পর্যন্ত স্থগিত করা হয়েছে। ৪ নভেম্বর শনিবার থেকে যথারীতি সব ক্লাস শুরু হবে এবং স্থগিত পরীক্ষা